

নং-সদেক/২০২৩/হিসাব/এন-১/ ৩৪৪

তারিখ : ০১/১০/২০২৩ খ্রি.

**২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার বিলম্ব ফিসহ ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের, ২০২২ সালের অনার্স পার্ট- ১ পরীক্ষার্থীদের বিলম্ব ফিসহ ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ০২/১০/২০২৩ হতে ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে।

**ফিসের তালিকা:**

বিষয়	পরীক্ষার্থীর ধরণ	ফরমে যে টাকা উল্লেখ থাকবে তার সাথে নিম্নবর্ণিত টাকা যোগ করতে হবে।
বাংলা/ইংরেজী/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/ইসঃ ইতিঃ/ইসঃ শিক্ষা/ দর্শন/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/মার্কেটিং/ফিন্যান্স	নিয়মিত/অনিয়মিত/অকৃতকার্য (সকল বিষয়)	৫০৫/-
পদার্থ		৮০৫/-
রসায়ন/গণিত		৬৫৫/-
উদ্ভিদ/প্রাণি		৯৫৫/-
যে কোন বিষয়	মানোন্নয়ন	৫০৫/-
১-৬ পত্র (যে কোন বিষয়)	অকৃতকার্য	৫০৫/-

**অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:**

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.info/honours](http://www.nu.info/honours)) থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর নিয়মিত পরীক্ষার্থীরা বিকাশ/ নগদ এর মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিবে। পরীক্ষার ফিসে টাকার অংক গড়মিল থাকলে দ্রুত আইসিটি বিভাগে (কক্ষ নং ১০৭) যোগাযোগ করে টাকার অংক ঠিক করে নিয়ে বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

০৩। গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৬ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি নিয়ে আগামী ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে বিভাগে জমা দিয়ে টাকার অংক নির্ধারণ করে নিয়ে ০২/১০/২০২৩ তারিখ হতে ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

**মোবাইলের মাধ্যমে বিকাশ/নগদে পরীক্ষার ফি জমাদানের পদ্ধতি:**

বিকাশ বা নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

**অনলাইনে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করণীয়:**

০১। পূরণকৃত ফরমে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা ক্লাশ রোল নম্বর লিখে নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত) নিয়মিত/অনিয়মিত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগে এবং গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৬ পত্র) পরীক্ষার্থীরা কলেজের হিসাব শাখায় জমা দিয়ে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করবে।

**আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি জমা দিতে হবে :**

০১। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি -০১ টি


০২। অনিয়মিত/অকৃতকার্য /গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য অনার্স পার্ট-১, পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও রেজাল্ট শীটের ফটোকপি ০১ টি করে।

০৩। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২টি।

০৪। বিকাশ/ নগদে ফি জমাদানের রশিদের কপি (মূল কপিতে নাম, মোবাইল নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি কলেজে জমা দিতে হবে এবং ফটোকপি শিক্ষার্থীর কাছে থাকবে।)

**২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

শুধুমাত্র ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৫০০০/- (পাঁচ হাজার টাকা) বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। তবে, কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে কোন অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

  
অধ্যক্ষ ০১.১০.২৩

সরকারি দেবেন্দ্র কলেজ

মানিকগঞ্জ।

১০/১০/২৩